

বাংলাদেশ দূতাবাস

এথেস, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেস, ২১ ফেব্রুয়ারি ২০১৯

এথেসে শহিদ মিনার স্থাপনের ঘোষণার মধ্য দিয়ে গ্রীসে মহান শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত

ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে গ্রীসের বাংলাদেশ দূতাবাসে মহান শহিদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। একুশের প্রথম প্রহরে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন এথেস শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত কুমুদ পার্কে বাংলাদেশ কমিউনিটি ইন গ্রীসের উদ্যোগে স্থাপিত স্থায়ী শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণের সময় প্রবাসী বাংলাদেশিদের সমবেত কণ্ঠে গাওয়া ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি’ গানটি সমগ্র কুমুদ পার্কে অনুরণিত হয়। এরপর গ্রীসের বাংলাদেশ কমিউনিটি এবং এথেসে বসবাসরত রাজনৈতিক, ব্যবসায়ী, সামাজিক, সাংস্কৃতিক ও জেলা ভিত্তিক আঞ্চলিক সংগঠনসমূহ পুষ্পস্তবক অর্পণ করে। কুমুদ পার্কে রাত ১২ টার সময় শত শত বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পার্কে বয়ে আনে এক প্রাণচঞ্চল পরিবেশ। এ উপলক্ষে রাষ্ট্রদূত মহান শহিদ দিবসের প্রাক্কালে এথেস মিউনিসিপালিটি কর্তৃক কুমুদ পার্কে একটি স্থায়ী শহিদ মিনার নির্মাণের অনুমোদন প্রদানের কথা উল্লেখ করেন। তিনি অচিরেই এথেসে একটি স্থায়ী শহিদ মিনার স্থাপিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। রাষ্ট্রদূত মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের উন্নয়নে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার জন্য প্রবাসীদের আহবান জানান।

উল্লেখ্য গত ১৯ শে ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এথেস মিউনিসিপালিটির এক সভায় কুমুদ পার্কে স্থায়ী শহিদ মিনার স্থাপনের প্রাথমিক অনুমোদন প্রদান করা হয়। এথেসে শহিদ মিনার স্থাপনের জন্য এথেসে অবস্থিত বাংলাদেশ দূতাবাস দীর্ঘদিন যাবত প্রচেষ্টা চালিয়ে আসছে। ২০১৭ সালের ১১ জুলাই রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিনের নেতৃত্বে দূতাবাস টিম এথেসের মেয়র জর্জিয়াস কামিনিসের সাথে বৈঠক করেন এবং ঐ বৈঠকে বাংলাদেশের রাষ্ট্রদূত এথেসে একটি শহিদ মিনার স্থাপনের প্রস্তাব করেন। এ বৈঠকে রাষ্ট্রদূত মেয়রকে শহিদ মিনারের একটি প্রতিকৃতি উপহার দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপট ব্যাখ্যা করেন। এরপর দূতাবাস থেকে এথেসের কুমুদ পার্কে একটি শহিদ মিনার স্থাপনের আনুষ্ঠানিক প্রস্তাব সংবলিত একটি পত্র প্রেরণ করা হয়। অবশেষে গত ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে সভায় এথেস মিউনিসিপালিটি দূতাবাসের প্রস্তাব অনুমোদন করে।

একুশে ফেব্রুয়ারি সকালে রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন বাংলাদেশ দূতাবাসে জাতীয় পতাকা অর্ধনমিত করেন। দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী, বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও এথেসে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা এসময় উপস্থিত ছিলেন। জাতীয় পতাকা অর্ধনমিত করার পর শহিদদের আত্মার মাগফিরাত এবং দেশের উত্তরোত্তর উন্নয়ন কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। মহান একুশে এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে দূতাবাস প্রাঙ্গণে সকাল থেকেই মহান ভাষা আন্দোলন বিষয়ক ও দেশাত্মবোধক সংগীত পরিবেশিত হয়।

দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী যথাক্রমে পাঠ করেন রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, কাউন্সেলর মো. খালেদ, কাউন্সেলর ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী এবং প্রথম সচিব সুজন দেবনাথ। ব্যাপকভাবে প্রবাসীদের অংশগ্রহণের কথা বিবেচনা করে প্রবাসীদের অনুরোধে এ বছর এথেসে অমর একুশে এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সাপ্তাহিক ছুটির দিন আগামী ২৩শে ফেব্রুয়ারি(শনিবার) আয়োজন করা হবে।

.....